# গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
**GOPALGANJ PALLI BIDYUT SAMITY**

ISO-9001:2015 Certified

E-mail: gopalganjpbs@gmail.com Web Site: www.pbs.gopalganj.gov.bd

**প্রধান কার্যালয়**
কারারগাতী, গোপালগঞ্জ
টেলিফোন নং-০২৪৭৯৯৬১৭৪১, ০২৪৭৯৯৬১৭৬৪


স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০২.০০৮.২৪. ৪৪৩২

তারিখঃ ০৪ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ।
১৯ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্ত আগ্রহী **প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদ সংখ্যা- ১৪ জন** | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate)/ প্রত্যয়ন পত্র অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো-২০১৬ এর সংশ্লিষ্ট পদের প্রারম্ভিক মূল বেতন, যা কম/বেশী আসে তা নির্ধারন করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি। | ০১। **বয়সসীমাঃ**<br>প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর **(০৪/০১/২০২৫ খ্রিঃ তারিখে)।**<br>০২। **অভিজ্ঞতাঃ**<br>আগ্রহী প্রার্থীর যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর বা তদুর্দ্ধ সময়ের ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতা সনদপত্র ব্যতিত আবেদন গ্রহণযোগ্য হবে না।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই- সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

### ০১। চুক্তির সময়কালঃ

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। চুক্তিকালীন কাজকর্ম ও প্রতি বছরের কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর কর্তৃপক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ২/১ দিন বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদে ২য় চুক্তি সম্পাদন এবং একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে পুনরায় আরও ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ (০৩+০৩+০৩) = ০৯ (নয়) বছর অথবা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) অত্র সমিতিতে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন।

### শর্তাবলীঃ

### ০২। আবেদনপত্র পূরণ ও জমাদানঃ

আগ্রহী প্রার্থীগণ গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট **(Web: www. Pbs.gopalganj.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২,ভার্সন-০১) A-4 সাইজের কাগজে ডাউন লোড পূর্বক **প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পুরণ করে আগামী ০৪/০১/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ এর বরাবরে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ এই ঠিকানায় পৌঁছাতে হবে।** অসম্পূর্ণ, নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন ফরম সাদাকাগজে/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। কোন ব্যক্তি যদি একাধিক মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করেন তাহলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

### ০৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি,
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি,
গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি,
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র,
ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র,
চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত ''অভিজ্ঞতা সনদ'' যা অভিজ্ঞতা সনদ প্রদানকারী পবিস এর এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

## ০৪। অন্যান্য শর্তাবলীঃ

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে **১০,০০০.০০ (দশ হাজার) টাকা** নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত প্রদান করা হবে।

খ) অত্র সমিতির ভৌগোলিক এলাকার প্রার্থী অর্থাৎ গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং নড়াইল জেলার লোহাগড়া উপজেলার ইতনা ইউনিয়নের লংকার চর, পাংখার চর, চর পরানপুর, চর সুচাইল, চর পাঁচাইল ও চর ঘোনাপাড়া গ্রামে স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

গ) অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী-স্ত্রীগণের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

ঘ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি নেন/অপসারিত/চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন অথবা দেশের ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হন, তাহলে সেই প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্তসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে (৩/৬/৯ বৎসর) কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

চ) দুই বা ততোধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

ঞ) বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ- ১২ নভেম্বর ২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করে চাকুরীকাল (On Job Service Length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে।

ট) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে; যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না।

ঠ) ইতিপূর্বে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

ড) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

ঢ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগন তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবে না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ায় পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

ণ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯/১১/১৮

(মোঃ জুলফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) /পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। **(বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, গোপালগঞ্জ।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো,ঢাকা।
০৬। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার......................... পবিস-১/২/৩/৪। **(বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসের মানব সম্পদ/প্রশাসন বিভাগে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ)**
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গোপালগঞ্জ।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর/মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া উপজেলা, গোপালগঞ্জ।
১০। ডিজিএম, মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/সদর দপ্তর-কারিগরী/টুঙ্গিপাড়া জোনাল অফিস, গোপবিস।
১১। এজিএম (অর্থ/ সদস্য সেবা/ ইএন্ডসি/প্রশাসন/ওএন্ডএম/আইটি/এইচ-আর), গোপবি।
১২। এজিএম (ওএন্ডএম) টেকেরহাট/রামদিয়া/সাতপাড় সাব-জোনাল অফিস, গোপবিস।
১৩। নোটিশ বোর্ড, গোপালগঞ্জ পবিস।

(মোঃ জুলফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

D:\Niva\D\Niva-1\HR\02. 008( mcm নিয়োগ বিজ্ঞপ্তি).docx

ফরম নং: পমাসপ ১১০-০০২, ভার্সন-০১

**গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

সিনিয়র জেনারেল ম্যানেজার
গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
কারারগাতী, গোপালগঞ্জ

| পাসপোর্ট সাইজের এক কপি ছবি ও ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত |
|---|

০১। নিয়োগ বিজ্ঞপ্তি নং ........................

০২। আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

০৩। পদের ধরণঃ............

..............................
০৪। বিজ্ঞাপনের সূত্র

.........................
০৫। প্রকাশনার তারিখঃ

.............................
০৬। আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

.........................
(আবেদনকারীর পূর্ণ নাম বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

..............................
০৭। জন্ম তারিখ (৮ম শ্রেণী/এসএসসি পরীক্ষার সনদ)

.............................
০৮। মাতার নাম

......../......./........(দিন /মাস/বছর)
০৯। বয়স (০৪/০১/২০২৫ খ্রিঃ তারিখ)

.............................
১০। পিতার নাম

....................
১১। ধর্ম

.............................
১২। জাতীয়তা

.........................
১৩। নিজ জেলা

.............................
১৪। টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫। বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) | | বিবাহিত | | অবিবাহিত |

১৬। স্থায়ী ঠিকানাঃ

| ................... | ...................... | ...................... | ...................... |
|---|---|---|---|
| ক) গ্রাম/সড়ক/বাড়ী | খ) ডাকঘর | গ) উপজেলা/থানা | ঘ) জেলা |

১৭। যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পত্র পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ................... | ...................... | ...................... | ...................... |
|---|---|---|---|
| ক) গ্রাম/সড়ক/বাড়ী | খ) ডাকঘর | গ) উপজেলা/থানা | ঘ) জেলা |

১৮। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১৯। অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

D:\Niva\D\Niva-1\HR\02. 008( mcm নিয়োগ বিজ্ঞপ্তি).docx

২০। প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে:

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২১। প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্নীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্ব-হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভূল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়। তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে গোপালগঞ্জ পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

.................. ..........................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

পমাসপ ১১০-০০২, ভার্সন-০১